

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৫০

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৩

রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন
প্রধানমন্ত্রী ভাষাগত বৈচিত্র্যের মধ্যে ঐক্যের ভিত্তি গড়ে
তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন : মুখ্যমন্ত্রী

আমাদের দেশ বহু ভাষাভাষী মানুষের দেশ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই ভাষাগত বৈচিত্র্যের মধ্যে ঐক্যের ভিত্তি গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। পাশাপাশি সমস্ত ভাষাকে সম্মাননা প্রদর্শন করার জন্য প্রধানমন্ত্রী দেশবাসীকে উৎসাহিত করছেন। আজ রবিন্দ্র শতবার্ষিকী ভবনে ভারতীয় ভাষা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। শিক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, কেন্দ্রীয় সরকার প্রথ্যাত তামিল কবি সুব্রামণিয়াম ভারতীর জন্মদিবসে এবছর থেকে প্রতিবছরের ১১ ডিসেম্বর ভারতীয় ভাষা দিবস হিসেবে উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সুব্রামণিয়াম ভারতী শুধু কবি ছিলেন না। তিনি ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও স্বাধীনতা সংগ্রামী। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের নির্দেশ অনুসারে দেশের বিভিন্ন রাজ্যগুলিতেও আজ ভারতীয় ভাষা দিবস পালন করা হচ্ছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশের বিভিন্ন রাজ্যের জনগণের মধ্যে ভাষাগত, সংস্কৃতিগত নানা পার্থক্য থাকলেও আমাদের একটাই পরিচয় হল আমরা ভারতীয়। এক ভারত শ্রেষ্ঠ ভারত সংস্কৃতিগত ঐক্যের পাশাপাশি ভাষাগত ঐক্যের মাধ্যমেও গঠন করা সম্ভব হবে। দেশের প্রধানমন্ত্রীর মস্তিষ্ক প্রসূত ‘হর ঘর তিরঙ্গা’, ‘মেরি মাটি মেরা দেশ’ ইত্যাদি কর্মসূচির মাধ্যমেও দেশবাসির মধ্যে একাত্মবোধের ভাবনা জাগ্রত হয়েছে। এই ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ায় দায়িত্ব আমাদের সকলকেই নিতে হবে।

অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন, কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রক এবছর থেকে প্রতিবছরের ১১ ডিসেম্বর বিখ্যাত তামিল কবি সুব্রামণিয়াম ভারতীর জন্মদিনটিকে ভারতীয় ভাষা দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করে। এবছরের ভারতীয় ভাষা দিবসের ভাবনা হল ‘ভাষা অনেক ভাব এক’। ভারতীয় ভাষা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গত ২৮ সেপ্টেম্বর দেশব্যাপী বিভিন্ন বিদ্যালয়, মহাবিদ্যালয় সহ নানা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যেও ভারতীয় ভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে জেলা ও রাজ্যস্তরীয় বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। এরমধ্যে রয়েছে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে অনলাইন প্রবন্ধ প্রতিযোগিতা, টক শো, পুস্তিকা প্রকাশ, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি। আজ ভারতীয় ভাষা দিবস উদযাপনের মাধ্যমে ৭৫ দিনব্যাপী এই কর্মসূচির সমাপ্তি হচ্ছে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। অনুষ্ঠানমধ্যে রাজ্যভিত্তিক অনলাইন প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। পুরস্কার প্রাপকদের হাতে পুরস্কারস্বরূপ ট্রফি ও শংসাপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অনুষ্ঠানের অন্যান্য অতিথিগণ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা দেশাত্মোধক ভাবনার উপর মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয়।
